

ছাত্রছাত্রীদের স্বার্থে আলোচনার মাধ্যমে বুয়েটের সমস্যার সমাধান করুন : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নেহরু শিক্ষা কার্যক্রম ব্যাহত না করে আলোচনার মাধ্যমে প্রশাসনিক সমস্যা সমাধানের জন্য বাংলাদেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) কর্তৃপক্ষসহ সচিবদের প্রতি আহ্বান জানিয়েছেন। বুয়েটের শিক্ষকদের চলমান কর্মবিরতি ও শিক্ষক সমিতির দাবি-দাওয়া বিষয়ে শিক্ষামন্ত্রী গতকাল এক বিবৃতিতে এ আহ্বান জানান। বাসস। বিবৃতিতে তিনি বুয়েটকে দেশের সবচেয়ে মেধাধীদের শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, মেধাধী ছাত্রছাত্রীরা এখানে পড়ালেখা করে এবং মেধাধী, আধুনিক প্রযুক্তি, প্রকৌশল ও কারিগরি জ্ঞানে অভিজ্ঞ শিক্ষকরা তাদের শিক্ষা দেন। সারাদেশে এ বিদ্যালয়গুলোর ভাবনূর্তি আপন কতিপয়ে সমৃদ্ধ। বুয়েটের ছাত্রছাত্রীরাই দেশের প্রকৌশল ও কারিগরি উন্নয়নের মূল চালিকাশক্তি উল্লেখ করে বলেন, একটি দিনের জন্য ক্লাস বন্ধ হলেও তাতে এ প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের অপূরণীয় ক্ষতি হয়। তাদের জা কাটিয়ে উঠতে বেগ পেতে হয়। যা শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবকসহ

দেশের আপামর জনসাধারণের জন্য কার্য নয়। বিবৃতিতে বুয়েটের শিক্ষক সমিতির নেতাদের এবং উপাচার্য ও উপ-উপাচার্যের সঙ্গে তার পৃথক বৈঠকের উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, তাদের সঙ্গে আলোচনা করে বোঝা গেছে, যে সব বিষয়ে সমস্যা সৃষ্টি বা মতভেদ দেখা দিয়েছে তা শিক্ষা-প্রতিষ্ঠান ও শিক্ষার পরিবেশ ব্যাহত হওয়ার মতো বিষয় নয়। এতদ্বারা সম্পূর্ণ প্রশাসনিক রুতনুলো পদক্ষেপের বিষয়। তিনি বলেন, তাই এতদ্বারা নিয়ে কোন মহলেরই এমন পরিস্থিতি সৃষ্টি করা উচিত নয়- যা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ ও মেধাধী শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম কোনভাবে প্রভাবিত বা ক্ষতিগ্রস্ত করতে পারে। শিক্ষামন্ত্রী উপাচার্যকে নিজস্ব সমিতির নেতাদের সঙ্গে আলোচনা করে সমস্যা সমাধানের পরামর্শ দেন। উপাচার্য মহতীর পরামর্শ মতো ব্যবস্থা নেয়ার নিচয়তা নিয়েছেন বলে বিবৃতিতে তিনি উল্লেখ করেন। বিভিন্ন দাবি-দাওয়ার প্রেক্ষিতে বুয়েট-এর শিক্ষক সমিতির ভাঙে শিক্ষকরা গত ৭ এপ্রিল থেকে কর্মবিরতি পালন করছেন।